

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন দৈনিক মিতা

অসুস্থ ছাত্রীকে দিয়ে বাথরুম পরিষ্কার করালেন শিক্ষক



২৫ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ

প্রতিবাদ করায় স্কুলে আসতে নিষেধ

g আলমডাঙ্গা (চুয়াডাঙ্গা) সংবাদদাতা

আলমডাঙ্গার ঘোষবিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অসুস্থ শিশু শিক্ষার্থী তিথিকে দিয়ে বাথরুম পরিষ্কার করিয়েছেন এক শিক্ষক। শিশুটির পিতা এ ঘটনার প্রতিবাদ করলে প্রথমে তাকে ক্লাসে একঘরে করে রাখা হয়। পরে গত বুধবার তিথিকে ডেকে স্কুলে আসতে নিষেধ করে দেওয়া হয়।

জানা গেছে, পঞ্চম শ্রেণির ছাত্রী তিথি গত মঙ্গলবার সকালে অ্যাসেমব্লিতে অসুস্থ হয়ে পড়ে। সে ছুটি নিয়ে বাড়ি আসতে চাইলে সহকারী প্রধান শিক্ষক ডাবলু রহমান পালানুযায়ী তাকে বাথরুম পরিষ্কার করে বাড়ি যেতে বলেন। তিথি অসুস্থতার কথা জানালেও ওই শিক্ষক জোরপূর্বক তাকে দিয়ে বাথরুমে কাজ করান। এতে ছাত্রীটি আরো অসুস্থ হয়ে পড়ে। খবর পেয়ে তিথির বাবা মন্টু সাহা এর প্রতিবাদ করতে স্কুলে এলে প্রধান শিক্ষক সাদ আহমেদ ও সহকারী প্রধান শিক্ষক ডাবলু রহমান তার ওপর মারমুখী হয়ে ওঠেন। এ সময় হটগোলের সৃষ্টি হয়। এ ঘটনার পর গত বুধবার তিথি যথারীতি স্কুলে যায়। গিয়ে দেখতে পায় ভিন্ন পরিবেশ। ক্লাসের কেউ তার সাথে কথা বলছে না। তারা তিথিকে জানায়, ডাবলু স্যার তার সাথে কথা বলতে নিষেধ করে দিয়েছেন।

একপর্যায়ে ক্লাস থেকে তিথিকে ডেকে এনে স্কুলে আসতে নিষেধ করে দেন ডাবলু রহমান। পরে সে কাঁদতে কাঁদতে বাড়ি চলে যায়।

তিথির বাবা জামজামী গ্রামের মন্টু সাহা ইত্তেফাককে বলেন, সামনে মেয়ের পিএসসি পরীক্ষা। ডাবলু মাস্টার সরাসরি তিথিকে স্কুলে যেতে নিষেধ করে দিয়েছেন। মেয়েটি লজ্জা আর অপমানে খাওয়া-দাওয়া বন্ধ করে দিয়েছে। এ ব্যাপারে প্রধান শিক্ষক সাদ আহমেদ ইত্তেফাককে জানান, ‘এ নিয়ে তিথির বাবার সঙ্গে রাগারাগি হয়েছে। আর তিথিকে স্কুলে আসতে নিষেধ করার কথা ডাবলু রহমান বলতে পারবেন।’ সহকারী প্রধান শিক্ষক ডাবলু রহমান ঘটনার কথা স্বীকার করে জানান, ‘আমরা গ্রুপিং করে বাথরুম পরিষ্কার করাই।’ বিদ্যালয়ের সভাপতি সাহানুর ইসলাম ইত্তেফাককে জানান, ‘শিক্ষক যা করেছেন তা করতে পারেন না। আমি এর ব্যবস্থা নিব।’

শিক্ষার্থীদের দিয়ে বাথরুম পরিষ্কার করার সরকারি বিধিমালা আছে কি-না জানতে চাইলে উপজেলা শিক্ষা অফিসার মুনাল কান্তি সরকার ইত্তেফাককে বলেন, শিক্ষার্থীদের পরিষ্কার-পরিচ্ছন্নতায় উৎসাহী করে তুলতে বলা হয়েছে। তবে শিশু শিক্ষার্থীদের দিয়ে বাথরুম পরিষ্কারের কথা বিধিতে বলা হয়নি।

শিশুদের দিয়ে এটা শিক্ষকরা করতে পারেন না। লিখিত অভিযোগ পেলে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নিবেন বলে জানান।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত